



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)



সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।

www.brta.gov.bd

তারিখ : ১৪ জুন ২০২৬ খ্রি./৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকল গণপরিবহন মালিককে অবগত করা যাচ্ছে যে, গণপরিবহন ব্যবস্থায় আধুনিক তথ্যপ্রযুক্তির সমন্বয়ের মাধ্যমে নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য দেশের সকল গণপরিবহনে ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে জিপিএস সংযুক্ত করতে এবং তা বাধ্যতামূলকভাবে চালু রাখতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১১ জুন ২০২৬ তারিখের ৩৫.০০.০০০০.০২০.৯৯.০১৮.২৬-৩১৬ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জিপিএস-এর কারিগরি বিবরণ (Specification) বিআরটিএ-এর স্থানীয় অফিস হতে সরাসরি অথবা বিআরটিএ-এর ওয়েবসাইট (www.brta.gov.bd) এ পাওয়া যাবে।

উল্লেখ্য, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-২৫ এবং সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর বিধি-৫৫ অনুযায়ী সংশ্লিষ্ট গণপরিবহনে জিপিএস সংযুক্তকরণ করা হয়েছে তা নিশ্চিত হয়ে গণপরিবহনের রেজিস্ট্রেশন প্রদান ও ফিটনেস সনদ নবায়ন করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত কাম্য।